



ST. LAWRENCE HIGH SCHOOL



A JESUIT CHRISTIAN MINORITY INSTITUTION

27, BALLYGUNGE CIRCULAR ROAD, KOLKATA- 700019

CLASS – I TERM – SECOND SUBJECT- BENGALI ANSWER WORKSHEET – 16 DATE – 12.06.2020

Topics – খরগোশ ও কচ্ছপ (গল্প), বোধপরীক্ষন ও অনুচ্ছেদ রচনা

১) মানে লেখো:

- ক) উভয় - দু - জন
খ) দ্রুত - তাড়াতাড়ি
গ) অবাধ - বাধাহীন
ঘ) নিদ্রা - ঘুম
ঙ) পূর্বে - আগে
চ) নির্দিষ্ট - ঠিক করে রাখা
ছ) শ্রমবোধ - পরিশ্রমে কষ্ট বোধ হওয়া।

২) এক কথায় উত্তর লেখো:

- ক) অনেক পূর্বে কে পৌঁছে গিয়েছিল?
উঃ কচ্ছপ
খ) চলতে গিয়ে কে ঘুমিয়ে পড়েছিল?
উঃ খরগোশ
গ) কার জয় হল?
উঃ কচ্ছপের

৩) বাক্য রচনা করো:

- ক) ঘুম - আমার মা খুব ভোরে ঘুম থেকে ওঠেন।
খ) অতি - আমি অতি জোরে সাইকেল চালাতে পারি।

৪) উত্তর লেখো:

- ক) চলতে শুরু হওয়ার পর খরগোশ কী ভাবল?
উঃ খরগোশ ভাবল কচ্ছপ যতই চলুক না কেন, আমি আগে পৌঁছাতে পারব।
খ) ঘুম ভাঙার পর খরগোশ কী দেখল?
উঃ ঘুম ভাঙার পর খরগোশ নির্দিষ্ট স্থানে গিয়ে দেখল, কচ্ছপ তার অনেক আগে পৌঁছে গিয়েছে।

৫) নীচের অংশটি পড়ে উত্তর লেখো।

গাছের ডালে বসে বাঁদর দেখল জেলেরা নদীতে মাছ ধরছে। কিছুসময় পরে জেলেরা নদীর ধারে জাল গুটিয়ে রেখে খাবার খেতে চলে গেল। বাঁদর তখন ধীরে ধীরে গাছ থেকে নেমে এসে জেলেদের মতো জাল দিয়ে মাছ ধরতে গেল। সে যেই নদীতে জাল ফেলতে গেল অমনি নিজের জালে আটকে গেল। জালে আটকে পড়ার পর সে বুঝতে পারল, কি করে জাল দিয়ে মাছ ধরতে হয় তা না জেনে একাজে হাত দেওয়া তার উচিত হয়নি।

ক) খালি ঘরে লেখো:

কিছুসময় পরে জেলেরা নদীর ধারে জাল গুটিয়ে রেখে খাবার খেতে চলে গেল।

খ) বাক্য রচনা করো:

মাছ – আমাদের পুকুরে অনেক মাছ আছে।

গ) ঠিক বা ভুল লেখোঃ

গাছের ডালে বসে বাঁদর দেখল জেলেরা নদীতে মাছ ধরছে।

ঠিক

ঘ) জেলেরা চলে যাওয়ার পর বাঁদর কী করেছিল?

উঃ জেলেরা চলে যাওয়ার পর বাঁদর ধীরে ধীরে গাছ থেকে নেমে এসে জেলেদের মতো জাল দিয়ে মাছ ধরতে গিয়েছিল।

ঙ) জালে আটকে পড়ার পর বাঁদর কী বুঝতে পারল?

উঃ জালে আটকে পড়ার পর বাঁদর বুঝতে পারল, কি করে জাল দিয়ে মাছ ধরতে হয় তা না জেনে একাজে হাত দেওয়া তার উচিত হয়নি।

৬) অনুচ্ছেদ রচনা করো। বিষয় – পাখি। (৫ টি বাক্যে)।

উঃ পাখিরা আকাশে উড়তে পারে। এরা দুটি ডানার সাহায্যে আকাশে উড়ে বেড়ায়। পাখিরা গাছের ডালে নিজেদের বাসা তৈরি করে। এরা গাছের ফল খেতে ভালোবাসে। আমাদের জাতীয় পাখি হল ময়ূর এবং এটি আমার প্রিয় পাখি।